

লাইসেন্সধারী প্রতিষ্ঠানের কারখানা ও বন্ডেড ওয়্যার হাউস  
বর্তমান ঠিকানা হতে অন্য ঠিকানায় স্থানান্তর করতে হলে এ  
দপ্তরের স্থায়ী আদেশ নং- ১/২০০৯ তারিখ:  
১৩/১০/২০০৯ মোতাবেক নিম্নবর্ণিত  
দলিলাদিসহ আবেদন করতে হবে।

- (ক) কারখানা ভাড়ার চুক্তিপত্র অথবা  
মালিকানা দলিলের সত্যায়িত কপি;  
(খ) লে-আউট প্ল্যান এবং কারখানার অনুমোদিত নকশা;  
(গ) ট্রেড লাইসেন্স;  
(ঘ) সংশ্লিষ্ট সমিতি অথবা চেম্বারের সুপারিশ পত্র; এবং  
(ঙ) লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র।

(চ) কারখানা স্থানান্তরকালে মেশিনারিজ, কাঁচামাল ও উৎপাদিত পণ্যের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তার  
দায়-দায়িত্ব বন্ডার বহন করবেন এই মর্মে যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা।  
উল্লিখিত দলিলাদিসহ আবেদন পাওয়ার ৭(সাত) দিনের মধ্যে কারখানা সাময়িক স্থানান্তরের অনুমোদন  
দেওয়া হবে। সাময়িক স্থানান্তর অনুমোদন প্রাপ্তির পরবর্তী ২(দুই) মাসের মধ্যে কারখানা চূড়ান্ত  
স্থানান্তরপূর্বক নিম্নোক্ত দলিলাদিসহ আবেদন করে চূড়ান্ত স্থানান্তরের অনুমোদন নিতে হবে।

- (ক) নতুন ঠিকানা সম্বলিত ভ্যাট রেজিস্ট্রেশনের কপি;  
(খ) নতুন ঠিকানা সম্বলিত আইআরসি ও ইআরসি-র কপি;  
(গ) নতুন ঠিকানা সম্বলিত আয়কর সনদপত্রের কপি;  
(ঘ) বিনিয়োগ বোর্ডের সংশোধিত নিবন্ধন পত্রের কপি;  
(ঙ) নতুন ঠিকানায় ফায়ার লাইসেন্সের কপি; এবং  
(চ) নতুন ঠিকানায় বিদ্যুৎ অথবা জেনারেটর সংযোগ সংক্রান্ত প্রত্যয়পত্র;

উল্লিখিত দলিলাদি দাখিলের পর বন্ড অফিসার প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন  
দিবেন। প্রতিবেদনে দলিলাদি এবং স্থাপনা যথাযথ থাকলে চূড়ান্ত স্থানান্তরের অনুমোদন দেয়া হবে।

লাইসেন্সধারী প্রতিষ্ঠানের  
কারখানা ও বন্ডেড ওয়্যার  
হাউস বর্তমান ঠিকানা হতে  
অন্য ঠিকানায় স্থানান্তর করতে  
হলে কি পদ্ধতি অনুসরণযোগ্য  
হবে ও কি দলিল দাখিল করতে  
হবে ?